চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩
Chattogram Palli Bidyut Samity-3
সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম।
ISO 9001:2015 Certified



অভিযোগ কেন্দ্র ঃ০১৭৬৯৪০০৯৯৯, ই-মেইলঃ ঃ ctgpbs3@gmail.com ওয়েবসাইটঃ www.pbs3.chitagong.gov.bd

স্মারক নং-২৭.১২.১৫৮৬.৫৬৮.০১.০০৮.২৬.৩২৮০ তারিখঃ ১৮ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ। / ০৩ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর নিম্নবর্ণিত কনডেম ঘোষিত "স্টীল পাতি কোর, তেলের ড্রাম এবং প্লাস্টিক ববিন" যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে "নিলামে বিক্রয়ের জন্য" নিম্নোক্ত শর্তসাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে/সাদা কাগজে বিস্তারিত ঠিকানা সম্বলিত তথ্য ও স্বাক্ষর প্রদান পূর্বক সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
০১	কোরের টুকরা/স্টীলপাতি কাটা	৬০০কেজি (কম/বেশি)		
০২	ববিন	৩০০টি		
০৩	তেলের ড্রাম (লৌহ জাতীয়)	৮টি		
(কথায়ঃ---------- সর্বমোট=				

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগণকে আগামী ০৯/১১/২০২৬ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্রসমূহ জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম এর রক্ষিত টেন্ডার বাক্সে জমা করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০২। নিলাম দরপত্রসমূহ ঐ দিনই দুপুর ১২:০৫ ঘটিকার সময় ছকে উল্লিখিত দরপত্র উন্মুক্তকরণ স্থানে নিলাম দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। দরপত্র গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ দরকে গৃহীত দর বলে বিবেচনা করা হবে। **অনুমোদিত মোট বিক্রয় মূল্যের চেয়ে কম মূল্য দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ বিবেচনা করা হবে না।** দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে সর্বোচ্চ দাখিলকৃত দরদাতার অনুকূলে বিক্রয়াদেশ প্রদান করা হবে।

০৪। সীলমোহরকৃত নিলাম দরপত্র খামের উপরে স্পষ্টাক্ষরে **"স্টীল পাতি কোর, তেলের ড্রাম এবং প্লাস্টিক ববিন"** উল্লেখ করতে হবে। দরপত্রে কোন কাটাছেঁড়া/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। উদ্বৃত্ত দর **অংকে ও কথায়** লিখতে হবে। শর্ত বহির্ভূত কোন প্রকার সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৫। নিলাম দরপত্র দলিলে উল্লেখিত সর্বমোট মূল্যের ২৫% অর্থ নিরাপত্তা জামানত চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায়, নিলাম দরপত্র বিবেচনা করা হবেনা।

০৬। কৃতকার্য নিলাম দরপত্রদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানো/বিক্রয়াদেশ প্রদানের ১৫ (পনেরো) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্যনগদ/পেঅর্ডার/ব্যাংক ড্রাফট (নগদায়ন সাপেক্ষে) এর মাধ্যমে পরিশোধ করে বর্ণিত মালামালসমূহ " চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তর, শিবপুর, সীতাকুন্ড,চট্টগ্রাম" হতে গ্রহণ করতে হবে। অন্যথায়, জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য করাহবে।

০৭। কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে মালামাল গ্রহণের পূর্বে মোট উদ্ধৃত দর/মূল্যের উপর সর্বশেষ সরকারি নিয়মানুযায়ী উৎসকর এবং ভ্যাট আলাদাভাবে জমা প্রদান করতে হবে। অকৃতকার্য দরদাতাদের আর্নেস্ট মানি নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

(চলমান পাতা)

০৮। বর্ণিত মালামালসমূহ আগামী ০৮/১১/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম এর সদর দপ্তরে পরিদর্শন করা যাবে।

০৯। মালামালসমূহ অপসারণের সময় (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) পবিসের কোন অবকাঠামোর ক্ষতি করা যাবে না। ক্ষতি হলে তা নিজ খরচে মেরামত/প্রতিস্থাপন করে দিতে হবে।

১০। কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

02.11.26

(মোহাম্মদ আবদুন নূর)
জেনারেলম্যানেজার

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)বিজ্ঞপ্তি টি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার দপ্তরের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ সহ।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (দক্ষিনাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
০৩। পুলিশ সুপার, চট্টগ্রাম।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম।
০৫। জেনারেল ম্যানেজার/সিনিয়র জেনারেল ম্যানেজার, ... পবিস-১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, চট্টগ্রাম।
০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, চট্টগ্রাম।
০৮। ডিজিএম সকল, চট্টগ্রাম পবিস-৩।
০৯। এজিএম (ওএন্ডএম), জাতীয় বিশেষ অর্থনৈতিক অঞ্চল ,চট্টগ্রাম পবিস-৩।
১০। এজিএম (অর্থ-হিসাব/সদস্য-সেবা/ইএন্ডসি/আইটি/প্রশাসন/মানব সম্পদ/ওএন্ডএম), চট্টগ্রাম পবিস-৩।
১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), চট্টগ্রাম পবিস-৩ (ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিতকরণের জন্য)।
১২। নোটিশ বোর্ড, চট্টগ্রাম পবিস-৩।

03.11.26

(মোঃ জাহিদ হাসান)
এজিএম (প্রশাসন